রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ১৭, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
চেয়ারম্যানের কার্যালয়
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**নং নিমবো/নিমনি/অটোমোবাইল ওয়ার্কশপ/২০১৭/২২৫**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৮ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**সৈয়দ আমিনুল ইসলাম**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


মূল্য : টাকা ১২.০০

## “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প

## খসড়া সুপারিশ-২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০৯.১৬-২১৪ তারিখ : ০৬-০৮-২০১৭ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ০২-০৭-২০১৭ খ্রিস্টাব্দ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস.আর.ও নং ১৯৯-আইন/২০১৭ তারিখ : ২০-০৬-২০১৭) নিম্নতম মজুরী বোর্ডে “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ ঢাকার তেজগাঁও, বারিধারা ও মতিঝিলে অবস্থিত নাভানা টয়োটা থ্রিএস সেন্টার, মিলেনিয়াম সার্ভিস সেন্টার লিমিটেড, আকিজ মটরস ওয়ার্কশপ, মাহী ইঞ্জিনিয়ারিং অটোমোবাইলস লিমিটেড, মাল্টিব্রান্ড ওয়ার্কসপ লিমিটেড, মাইনুল অটোমোবইলস ও মান্নান অটোমোবাইল ওয়ার্কস “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সরেজমিনে পরিদর্শনকরত তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ড সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য এবং বাংলাদেশ মটরযান মেকানিক ফেডারেশন (রেজিঃ নং-বি-২১৬২) এর দপ্তর সম্পাদক কর্তৃক বোর্ডে দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করেন। বোর্ডের অনুরোধের প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.০৩২.০৯.১৬.০৭ তারিখ: ০৪-০২-২০১৮ মূলে “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি কাঠামোর সুপারিশ প্রণয়নের সময়সীমা ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল :

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিয়া বর্তমান প্রাপ্ত মজুরির সহিত সুপারিশকৃত বর্ধিত মজুরি যোগ করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্ত করত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল “খ” ও “গ” এ উল্লিখিত মজুরি নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিকগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ, অব্যাহত থাকিবে।

১১। "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক প্রতি বৎসর মূল মজুরির ৫% বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই সুপারিশের কোন অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন/বিধি এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

**সৈয়দ আমিনুল ইসলাম**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন**
নিরপেক্ষ সদস্য

**কাজী সাইফুদ্দীন আহমদ**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**ফজলুল হক মন্টু**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**মোঃ জাহাঙ্গীর আলম**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

**মাহবুবুর রহমান ইসমাইল**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

## তফসিল “ক”

## “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি বিভাগ ও কাজের ধরন/প্রকারভেদ

| “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি বিভাগ | “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানের কাজের ধরন/প্রকারভেদ |
|---|---|
| প্রথম শ্রেণি (ক) | যে সকল “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানে নিম্নলিখিত ১২ প্রকার কাজের সুযোগ-সুবিধা বিদ্যমান এবং কাজ সম্পন্ন হয় এই সকল শিল্প সেক্টর প্রথম শ্রেণি (ক) এর অন্তর্ভুক্ত হইবে। কাজগুলো নিম্নরূপ, যথা—<br>১। মেকানিক্যাল রিপিয়ারিং (মেজর), ২। মেকানিক্যাল রিপিয়ারিং (মাইনর), ৩। টিনস্মিথ (ডেন্টিং), ৪। পেইন্টিং, ৫। সার্ভিসিং, ৬। মেশিনশপ (লেদমেশিন), ৭। অটোমোবাইল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, ৮। অটোমোবাইল এসি ওয়ার্কস, ৯। অটোমোবাইল সিএনজি কনভারশন ওয়ার্কস, ১০। অটোমোবাইল বডি বিল্ডার ওয়ার্কস, ১১। অটোমোবাইল কনভারশন/মেরামত ওয়ার্কস ও ১২। কুশন/সিট ওয়ার্কস। |
| প্রথম শ্রেণি (খ) | যে সকল “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানে শুধু মাত্র মেশিনশপ কাজ ব্যতিরেকে প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোন ১০ (দশ) রকমের কাজ সম্পন্ন হয়। |
| দ্বিতীয় শ্রেণি | যে সকল “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানে পরিচালক এবং মেশিনশপ নাই কিন্তু প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত কাজের মধ্যে ০৮ (আট) রকমের কাজ বা তাহার কম কাজ, ০৫ (পাঁচ) জন এর অধিক সংখ্যক শ্রমিক দ্বারা সম্পন্ন হয়। |
| তৃতীয় শ্রেণি | যে সকল “অটোমোবাইল ওয়ার্কশপ” শিল্প প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) জন বা তাহার কম সংখ্যক শ্রমিক দ্বারা, মেশিনশপ কাজ ব্যতিরেকে, প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোন কাজ সম্পন্ন করা হয়। |

## তফসিল "খ"
## শ্রমিকগণের মাসিক মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| **উচ্চতর দক্ষ :**<br>১। ফোরম্যান<br>২। সিনিয়র মেকানিকস<br>৩। সিনিয়র ফিটার<br>৪। সিনিয়র বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৫। সিনিয়র বডি মেকানিক (ভ্যান)<br>৬। সিনিয়র এসি মেকানিক<br>৭। সিনিয়র সিএনজি মেকানিক<br>৮। সিনিয়র অটো ইলেকট্রিশিয়ান<br>৯। সিনিয়র ডেন্টার<br>১০। সিনিয়র টিনস্মিথ (ডেন্টিং)<br>১১। সিনিয়র ডেন্টার<br>১২। সিনিয়র পেইন্টার<br>১৩। সিনিয়র টার্ণার<br>১৪। সিনিয়র মেশিনিস্ট ও<br>১৫। সিনিয়র কুশন/ সিট মেকার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৪০০/- | ৭৪৪০/- | ৮০০/- | ৪০০/- | ২১০৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৪০০/- | ৪৯৬০/- | ৮০০/- | ৩০০/- | ১৮৪৬০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০৮৫০/- | ৬৫১০/- | ৮০০/- | ৪০০/- | ১৮৫৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০৮৫০/- | ৪৩৪০/- | ৮০০/- | ৩০০/- | ১৬২৯০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৩০০/- | ৫৫৮০/- | ৮০০/- | ৪০০/- | ১৬০৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৩০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৩০০/- | ১৪১২০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| দক্ষ :<br>১। মেকানিকস<br>২। ফিটার<br>৩। বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৪। বডি মেকানিক (ভ্যান)<br>৫। এসি মেকানিক<br>৬। সিএনজি মেকানিক<br>৭। অটো ইলেকট্রিশিয়ান<br>৮। ডেন্টার<br>৯। টিনস্মিথ<br>১০। ওয়েল্ডার<br>১১। পেইন্টার<br>১২। টার্ণার<br>১৩। মেশিনিস্ট ও<br>১৪। কুশন/ সিট মেকার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮১০০/- | ৪৮৬০/- | ৮০০/- | ৪০০/- | ১৪১৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮১০০/- | ৩২৪০/- | ৮০০/- | ৩০০/- | ১২৪৪০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৫০০/- | ৪৫০০/- | ৮০০/- | ৪০০/- | ১৩২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৬০০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৮৫০/- | ৪১১০/- | ৮০০/- | ৪০০/- | ১২১৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৮৫০/- | ২৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ১০৬৯০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬২০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৪০০/- | ১১১২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬২০০/- | ২৪৮০/- | ৮০০/- | ৩০০/- | ৯৭৮০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| আধাদক্ষ :<br>১। এ্যাসিন্ট্যান্ট টু মেকানিকস<br>২। এ্যাসিন্ট্যান্ট টু ফিটার<br>৩। এ্যাসিন্ট্যান্ট টু বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৪। এ্যাসিন্ট্যান্ট টু বডি মেকানিক (ভ্যান)<br>৫। এ্যাসিন্ট্যান্ট টু এসি মেকানিক<br>৬। এ্যাসিন্ট্যান্ট টু সিএনজি মেকানিক<br>৭। এ্যাসিন্ট্যান্ট টু অটো ইলেকট্রিশিয়ান<br>৮। এ্যাসিন্ট্যান্ট টু ডেন্টার<br>৯। এ্যাসিন্ট্যান্ট টু টিনস্মিথ<br>১০। এ্যাসিন্ট্যান্ট টু ওয়েল্ডার<br>১১। এ্যাসিন্ট্যান্ট টু পেইন্টার<br>১২। এ্যাসিন্ট্যান্ট টু টার্ণার<br>১৩। এ্যাসিন্ট্যান্ট টু মেশিনিস্ট ও<br>১৪। এ্যাসিন্ট্যান্ট টু কুশন/সিট মেকার<br>১৫। সার্ভিসিং এটেনডেন্ট<br>১৬। ক্লিনার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৬০০/- | ৩৩৬০/- | ৮০০/- | ৪০০/- | ১০১৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৬০০/- | ২২৪০/- | ৮০০/- | ৩০০/- | ৮৯৪০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫০০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ৯২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৩০০/- | ৮১০০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি) কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| অদক্ষ :<br>১। সাহায্যকারী/ এসিসট্যান্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৩৫০/- | ২৬১০/- | ৮০০/- | ৪০০/- | ৮১৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৩৫০/- | ১৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ৭১৯০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৩৯০০/- | ২৩৪০/- | ৮০০/- | ৪০০/- | ৭৪৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৩৯০০/- | ১৫৬০/- | ৮০০/- | ৩০০/- | ৬৫৬০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৩৪৫০/- | ২০৭০/- | ৮০০/- | ৪০০/- | ৬৭২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৩৪৫০/- | ১৩৮০/- | ৮০০/- | ৩০০/- | ৫৯৩০/- |

শিক্ষানবিশ :

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে-৫০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল "গ"
## কর্মচারিগণের মাসিক মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি) কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১ :<br>১। ক্যাশিয়ার<br>১। এ্যাসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট<br>৩। স্টোর কিপার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০৮৫০/- | ৬৫১০/- | ৮০০/- | ৪০০/- | ১৮৫৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০৮৫০/- | ৪৩৪০/- | ৮০০/- | ৩০০/- | ১৬২৯০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৩০০/- | ৫৫৮০/- | ৮০০/- | ৪০০/- | ১৬০৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৩০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৩০০/- | ১৪১২০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৮৫০/- | ৪১১০/- | ৮০০/- | ৪০০/- | ১২১৬০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৮৫০/- | ২৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ১০৬৯০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি) কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-২</u><br>১। স্টোর এ্যাসিস্ট্যান্ট<br>২। টাইপিস্ট/ কম্পিউটার অপারেটর<br>৩। ওয়ার্কশপ রিসিপশনিস্ট<br>৪। এ্যাসিস্ট্যান্ট ক্লার্ক<br>৫। টেলিফোন অপারেটর<br>৬। টুল স্টোর এটেনডেন্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |
| | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহরও সিটি কর্পোরেশন এলাকা | ৭১৫০/- | ৪২৯০/- | ৮০০/- | ৪০০/- | ১২৬৪০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭১৫০/- | ২৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ১১১১০/- |
| | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |
| | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহরও সিটি কর্পোরেশন এলাকা | ৬২০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৪০০/- | ১১১২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬২০০/- | ২৪৮০/- | ৮০০/- | ৩০০/- | ৯৭৮০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি | বাড়ি ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি) কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৩ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। স্টোর এটেনডেন্ট<br>৪। নাইট গার্ড<br>৫। মালি<br>৬। সুইপার | প্রথম শ্রেণি (ক) | ঢাকা ও মেট্রোপলিটন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | বিভাগীয় জেলা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |
| | প্রথম শ্রেণি (খ) | ঢাকা ও মেট্রোপলিটন এলাকা | ৫৬০০/- | ৩৩৬০/- | ৮০০/- | ৪০০/- | ১০১৬০/- |
| | | বিভাগীয় জেলা | ৫৬০০/- | ২২৪০/- | ৮০০/- | ৩০০/- | ৮৯৪০/- |
| | দ্বিতীয় শ্রেণি | ঢাকা ও মেট্রোপলিটন এলাকা | ৫০০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ৯২০০/- |
| | | বিভাগীয় জেলা | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৩০০/- | ৮১০০/- |
| | তৃতীয় শ্রেণি | ঢাকা ও মেট্রোপলিটন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | বিভাগীয় জেলা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |

- **শিক্ষানবিশ :**

  (ক) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস।

  (খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিস কর্মচারি মাসিক সর্বসাকুল্যে = ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

  (গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারি সংশ্লিষ্ট গ্রেডের কর্মচারি হিসাবে নিয়ুক্ত হইবেন।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd